



চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়

শহীদ আবুল কাশেম সড়ক, চুয়াডাঙ্গা। ফোনঃ ০৭৬১-৬২২৮১

Web Site: www.chuadangapourashava.org, E-mail:mayor16cp@gmail.com

ইং ০১/১২/২০১৯ তারিখ রোজ রবিবার বেলা ১১.৩০ ঘটিকায় ৩৭ জেলা শহরে পানি সরবরাহ প্রকল্পের আওতায় জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের অর্থায়নে ও তত্ত্বাবধানে চুয়াডাঙ্গা পৌর এলাকার পানি শোধনাগার চত্বরে ফাংশনাল বিল্ডিং নির্মাণ করণ কাজের শুভ উদ্বোধন করেন- চুয়াডাঙ্গা পৌরসভা সু-যোগ্য মেয়র জনাব মোঃ ওবায়দুর রহমান চৌধুরী জিপু। এ সময় উপস্থিত ছিলেন জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের নির্বাহী প্রকৌশলী মোঃ মোস্তাফিজুর রহমান, পৌরসভার সহকারী প্রকৌশলী মোঃ হাফিজুর রহমান কাওছার, সহকারী প্রকৌশলী (পানি) এ এইচ,এম সাহীদুর রশীদ, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের উপ-সহকারী প্রকৌশলী মোঃ হাসিবুজ্জামান, ইঞ্জিনিয়ার মাহমুদা সুলতানা, পৌরসভার কাউন্সিলর মোছাঃ শাহিনা আক্তার রুবি, মোঃ সিরাজুল ইসলাম মনি, মোছাঃ নাজরিন পারভীন মলি, সংশ্লিষ্ট কাজের ঠিকাদার প্রতিষ্ঠান মেসার্স সৈকত এন্টারপ্রাইজ ও মেসার্স ইমি মটরস্ প্রোঃ মোঃ হান্নান ও মোঃ ইলিয়াছ হোসেন, সেচ্ছাসেবক লীগ নেতা মাফিজুর রহমান মাফি, জেলা সেচ্ছাসেবক লীগের যুগ্ম আহবায়ক মোঃ মতিয়ার রহমান মতি, আলমডাঙ্গা পৌরসভার সাবেক কাউন্সিলর মোঃ হাসিবুল হক সহ অত্র এলাকার অন্যান্য ব্যক্তি এবং স্থানীয় কৃষক সহ বিভিন্ন শ্রেণী-পেশার প্রতিনিধি। এ সময় প্রকল্পের সমৃদ্ধি ও উন্নতি কামনা করে বিশেষ মোনাজাত করা হয় মোনাজাত পরিচালনা করেন পৌরসভার পাইপ লাইন মেকানিক্স মোঃ জামিল শেখ। পানি শোধনাগার সুষ্ঠু ভাবে পরিচালনার জন্য ফাংশনাল বিল্ডিং নির্মাণ করা হচ্ছে। এ কাজে ব্যয় হবে ৮৪,২৭,৪৫৯.০০টাকা।

মেয়র উপস্থিত থেকে কাজের মালামালের গুণগত মান যাচাই করেন। তিনি ঠিকাদারকে কাজের গুণগত মান বজায় রাখার জন্য নির্দেশ দেন এবং ভুক্তভোগী সকলকে এই কাজ বুঝে নিতে আহ্বান জানিয়েছেন। দায়িত্ব গ্রহণের পর হতেই চুয়াডাঙ্গাতে উন্নয়ন অব্যাহত থাকায় উপস্থিত সবাই পৌর মেয়র জনাব জিপু চৌধুরীকে সাধুবাদ জানান এবং উত্তরোত্তর তাঁর সফলতা কামনা করেন।



সময়মত পৌরকর পরিশোধ করুন। সময়মত পানির বিল পরিশোধ করুন, সময়মত আপনার শিশুকে টিকা দিন।